যুগান্তর

তারিখ 20 SEP 2017
পৃ. ২ কলাম ৫

সমাপনী পরীক্ষার সময়সূচি

# দুর্নীতি ঠেকাতে উত্তরপত্র আরেক উপজেলায় মূল্যায়নের নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষার উত্তরপত্র এতদিন উপজেলাভিত্তিক মূল্যায়ন করা হতো। যেহেতু এ পরীক্ষার ফলাফলের ওপর মেধাবৃত্তি জড়িত, তাই একশ্রেণীর শিক্ষক-অভিভাবকের যোগসাজশে নানান দুর্নীতির অভিযোগ হচ্ছে। এ পরিস্থিতিতে দুর্নীতি ঠেকাতে সমাপনী পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নে নতুন নির্দেশনা জারি করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর (ডিপিই)। সে অনুযায়ী, এক জেলার উত্তরপত্র জেলার ভেতর আরেক উপজেলায় মূল্যায়ন করতে হবে। মঙ্গলবার ডিপিই এ আদেশ জারি করে। এতে বলা হয়েছে, উত্তরপত্র একই উপজেলার শিক্ষকরা দেখতে পারবেন না।

**সময়সূচি :** মঙ্গলবার সমাপনী পরীক্ষার সময়সূচি ফের প্রকাশ করেছে ডিপিই। রুটিন অনুযায়ী ১৯ নভেম্বর ইংরেজি (প্রাথমিক ও ইবতেদায়ী), ২০ নভেম্বর বাংলা (প্রাথমিক ও ইবতেদায়ী), ২১ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয় (প্রাথমিক), বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং বিজ্ঞান (ইবতেদায়ী)। ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান (প্রাথমিক) ও আরবি (ইবতেদায়ী), ২৩ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা (প্রাথমিক) এবং কুরআন মাজিদ এবং আকাইদ ও ফিকহ (ইবতেদায়ী), ২৬ নভেম্বর গণিত (প্রাথমিক ও ইবতেদায়ী) পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং
তারিখ
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি. এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর